তারিখ ... 2 JUL 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫

দৈনিক বাংলা

# নগরীতে অর্ধলক্ষ ছাত্রী ইউরিনাল ইনফেকশনে ভুগছে

।। স্টাফ রিপোর্টার ।।

শুধুমাত্র নোংরা ও ব্যবহার অনুপযোগী টয়লেটের কারণে রাজধানীতে কমপক্ষে অর্ধ লক্ষ ছাত্রী ইউরিনাল ইনফেকশনে ভুগছে।

বিশিষ্ট কিডনী বিশেষজ্ঞ ও পিজির নেফ্রোলজী বিভাগের প্রফেসর (ডাঃ) হারুনর রশীদ ৬ থেকে ২৪ বছর বয়সী ছাত্রী রোগিনীদের মধ্যে এক পর্যবেক্ষণ চালিয়ে এ তথ্য জানিয়ে-

(শেষ পৃঃ ৫—এর কঃ দ্রঃ)

## নগরীতে অর্ধ লক্ষ

(প্রথম পৃষ্ঠার পর)

ছেন। প্রফেসর হারুন মনে করেন যে, অচিকিৎসিত থাকলে এই ইনফেকশান থেকে নানা সমস্যার সম্ভাবনা থাকে। অনেক ক্ষেত্রে কিডনীও নষ্ট হয়ে যেতে পারে। উল্লেখ্য, শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর হিসাব মতে রাজধানী ঢাকায় প্রাইমারী থেকে ইউনিভার্সিটি পর্যন্ত স্তরে মোট ছাত্রীর সংখ্যা প্রায় ৪ লাখ।

প্রফেসর হারুন জানান, প্রস্রাব প্রদাহ নিয়ে আসা বালিকা, কিশোরী ও তরুণী ছাত্রীদের অধিকাংশের স্কুল কলেজের টয়লেট নোংরা ও ব্যবহার অনুপযোগী বলে তারা জানায়। নোংরা ও ব্যবহার অনুপযোগিতার কারণে ছাত্রীরা এক নাগাড়ে টয়লেট ব্যবহার করা থেকে বিরত থাকে। দীর্ঘদিন এই অভ্যাস যাদের তাদের ইনকন্টিনেন্স ইনফেকশান ছাড়াও কিডনীতে স্টোন হতে পারে বলে প্রফেসর হারুন সতর্ক করে দেন। কিশোরী থেকে পূর্ণ বয়স্কার চব্বিশ ঘন্টায় দুই থেকে পাঁচ সের পানি পান করা ছাড়াও দরকার বেগ পাওয়ার সঙ্গে সঙ্গে টয়লেট ব্যবহার করা।

রাজধানীর মেয়েদের স্কুল-কলেজ কর্তৃপক্ষ তাদের প্রতিষ্ঠানের টয়লেটগুলো যাতে সবসময় পরিষ্কার পরিচ্ছন্ন ও ব্যবহার উপযোগী থাকে সেদিকে যদি সতর্ক নজর রাখেন তাহলে ছাত্রীদের মধ্যে প্রদাহজনিত ব্যাধির সংখ্যা অনেক কমে যাবে বলে অধ্যাপক হারুন মনে করেন।

রাজধানীর মোহাম্মদপুর এলাকার বিভিন্ন স্কুল-কলেজের ছাত্রীদের জিজ্ঞাসা করে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অনুমান করা যায় যে, শতকরা ৯৫টি শিক্ষা প্রতিষ্ঠানের টয়লেট ব্যবহার অনুপযোগী।

শিক্ষা পরিসংখ্যান ব্যুরোর তথ্যে জানা যায়, ৪০০ নার্সারী কেজি বাদে রাজধানীতে সব মিলিয়ে প্রাইমারী মাধ্যমিক স্কুল এবং কলেজের সংখ্যা ৫০০। এগুলোর প্রায় সব কটিতে ছাত্রছাত্রীরা এক সঙ্গে অধ্যায়ন করে। শুধুমাত্র ছাত্রীদের জন্যে স্কুল কলেজের সংখ্যা ১০০টি।